অদক্ষ প্রাপ্ত বয়স্ক ও কিশোর শ্রমিক/২০১২

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ৫, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ অগ্রহায়ণ, ১৪১৯ বঙ্গাব্দ/০৩ ডিসেম্বর, ২০১২ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ৪০০-আইন/২০১২।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন, ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত অদক্ষ প্রাপ্তবয়স্ক শ্রমিক এবং কিশোর শ্রমিকদের জন্য, "নিম্নতম মজুরী বোর্ড" কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিলে বর্ণিত নিম্নতম মজুরীর হারকে, নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে, উক্ত শ্রমিকদের জন্য নিম্নতম মজুরীর হার হিসাবে এতদ্‌দ্বারা ঘোষণা করিল, যথা :—

**তফসিল**

| ক্রমিক নং | শ্রমিক শ্রেণি বিভাগ | মূল মজুরী (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (মূল মজুরীর ৪০% হারে) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| (১) | অদক্ষ প্রাপ্ত বয়স্ক শ্রমিক | ১৮৫০ | ৭৪০ | ২৫০ | ১৬০ | ৩০০০ |
| (২) | কিশোর শ্রমিক | ১৫০০ | ৬০০ | ২৫০ | ১৫০ | ২৫০০ |

## শর্তাবলী

(১) সরকার কর্তৃক যে সকল ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের জন্য পৃথক নিম্নতম মজুরী কাঠামো ঘোষণা করা হইয়াছে বা হইবে, সে সকল শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের জন্য তফসিলে বর্ণিত মজুরী প্রযোজ্য হইবে না, তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী কাঠামো যদি তফসিলে বর্ণিত নিম্নতম মজুরী অপেক্ষা কম হয়, তাহা হইলে সে সকল ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানে কর্মরত প্রাপ্তবয়স্ক অদক্ষ শ্রমিক এবং কিশোর শ্রমিকদের জন্য তফসিলে বর্ণিত মাসিক নিম্নতম মজুরী প্রযোজ্য হইবে।

(২) এই প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত নিম্নতম মজুরীর হার কৃষি ও গৃহকর্মে নিয়োজিত শ্রমিকদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(৩) যে সকল ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানে শ্রমিকদের জন্য পৃথক নিম্নতম মজুরী কাঠামো ঘোষণা করা হয় নাই সে সকল ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান—

(ক) উহার অদক্ষ প্রাপ্তবয়স্ক ও কিশোর শ্রমিকদের যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবে এবং মজুরী স্লিপ প্রদান করিবে;

(খ) এ কর্মরত অদক্ষ প্রাপ্তবয়স্ক ও কিশোর শ্রমিকদের জন্য তফসিলে উল্লিখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে, অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে উহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন;

(গ) এ কর্মরত অদক্ষ প্রাপ্তবয়স্ক ও কিশোর শ্রমিক যদি কোন ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন। উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ মোতাবেক একই ব্যবস্থা গ্রহণ করিবেন। উক্ত ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন শ্রমিকের কোন সমস্যা সৃষ্টি হইলে উহার দায়-দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক শ্রমিকদের জন্য ঘোষিত মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করিতে পারিবেন না;

(ঘ) যদি শ্রমিকদিগকে ফুরনভিত্তিক (Piece rate) মজুরী দিয়া থাকে তবে উহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এমনরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা তফসিলের বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী না পান;

(ঙ) এ কর্মরত অদক্ষ প্রাপ্তবয়স্ক ও কিশোর শ্রমিকগণ তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী ছাড়াও শ্রমিকগণ অন্যান্য যেসব সুযোগ-সুবিধা বা ভাতা পাইয়া থাকেন উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩৩৬ মোতাবেক বলবৎ থাকিবে।

(৪) উক্ত শ্রমিকদের কার্যকাল শ্রম আইন, ২০০৬ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

(৫) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে "কিশোর" অর্থে শ্রম আইন, ২০০৬ এর অধীন অনুমোদিত ক্ষেত্রে নিয়োজিত শিশুও অন্তর্ভুক্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহজাহান মিয়া**
উপ-সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd